



আছেন হৃদয়ের মধ্যখানে

কাইউম পারভেজ

তিনি আসেন - এ বাংলাতেই তিনি
ফিরে ফিরে আসেন ।
তিনি আগস্টে আসেন - ডিসেম্বরে আসেন ।
ফেব্রুয়ারী মার্চের ঝলমলে দিনগুলিতে আসেন ।
এমনি করে সারা বছরেই আসেন ।
সারা বছর মাস হপ্তা দিন ঘন্টা মিনিট সেকেন্ড বিন্দু -
তিনি আসেন ।
তিনি আসেন বলেই বাঙালির বুক থেকে
বাংলাদেশ যায় না যে কাড়া ।
তিনি আসেন বলেই এদেশের বুক থেকে
বাংলাকে যায় না যে ছাড়া ।
তিনি আসেন বলেই পুরনো ফণা
এখনো ছড়ায় বিষ ।
তিনি আসেন বলেই অর্বাচীনেরা
বেহুঁশ -বেদিশ ।
তিনি আসেন বলেই ওরা অস্তিত্ব সংকটে
তিনি আসেন বলেই 'দাবায়ে রাখতে' পারে না জাতিটাকে ।
তিনি আসেন বলেই বিধবাদের ভাতা হয়
মুক্তিযোদ্ধার মেলে কানাকড়ি ।
ঠাইহীনের ঠাই হয় - অভাগার বসত বাড়ি ।
তিনি আসেন বলেই উড়াল ব্রীজ পদ্মা সেতু
শিক্ষার আলো - সে এক নতুন দিনের আলো ।
এগিয়ে নিয়ে যায় এগিয়ে যাওয়া দেশে দেশে ।
তিনি আসেন বলেই সবাই এগিয়ে চলে ।
চলতে চলতে প্রাণের কথা বলে ।
বলতে বলতে অশ্রু সজল হলে
চেয়ে থাকে তিনি আসবেন বলে ।
তিনি বারবার আসবেন বলেই শুধু একবার চলে গেছেন
শুধু একবার স্বাধীনতার মন্ত্র দিয়ে
বারবার ফিরে আসেন ।
তঁর সে যাওয়া শুধুতো নয় যাওয়া
তঁর সে আসা শুধু তো নয় আসা ।
তিনি তো আছেন হৃদয়ের মধ্যখানে ।